

সংস্করণ (১)	সংস্করণ (২)
সংস্করণ (৩)	সংস্করণ (৪)
সংস্করণ (৫)	সংস্করণ (৬)
সংস্করণ (৭)	সংস্করণ (৮)
সংস্করণ (৯)	সংস্করণ (১০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৮.০১১.১৪-১৪০

বিষয় : বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিনা বেতনে অধ্যয়নের বিষয়ে নির্দেশনা প্রদান।

- সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-২৩০, তারিখ: ১৩/০৩/২০১৪ খ্রি।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-৪০২, তারিখ: ১১/০৫/২০১৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্ব ১ নং স্মারকের অনুচ্ছেদ ৫ নং নির্দেশনায় বর্ণিত আছে, "সকল মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ লাভ করবে। সরকারি অনুদান প্রাপ্ত ও শিক্ষাবোর্ডের অধিভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর নিকট থেকে মাসিক বেতন (টিউশন ফি) আদায় করতে পারবে না। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট থেকে মাসিক বেতন (টিউশন ফি) আদায় করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি ভংগের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।"

এছাড়া সূত্রস্ব ২ নং স্মারকের অনুচ্ছেদ ৩ (খ) (ii) নং নির্দেশনায় বর্ণিত আছে, "সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ লাভ করবে। সরকারি অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবী করবে না। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবী করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।"

এমতাবস্থায়, বর্ণিত স্মারকসমূহের নির্দেশনা যথাযথ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
মহাপরিচালক

তারিখ : ১৬ - ০৫ - ২০২৬ খ্রিষ্টাব্দ।

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৮.০১১.১৪-১৪০/১৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৭. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি...সকল)
০৯. অধ্যক্ষ, সরকারি / বেসরকারি কলেজ (সকল)
১০. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি / বেসরকারিসকল)
১১. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[“বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিনা বেতনে অধ্যয়নের বিষয়ে নির্দেশনা প্রদান।”-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ]
১৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৪. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১৫. উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. সংরক্ষণ নথি।

(কামরুন নাহার)
সহকারি পরিচালক (একিউএইউ)
পরিকল্পনা ও উন্নয়ন উইং